



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা আইসিটি কার্যালয়, চুয়াডাঙ্গা
www.doict.chuadanga.gov.bd



নম্বর: ৫৬.০৪.১৮০০.০০০.০০০.০৬.০০০২.২৬.১৯

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ২০২৬

সভার নোটিশ

বিষয়: জেলা আইসিটি বিষয়ক কমিটির সেপ্টেম্বর ২০২৬ খ্রি. মাসের সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা 'জেলা আইসিটি বিষয়ক কমিটি' এর সেপ্টেম্বর ২০২৬ মাসের সভা আগামী ১০/০৯/২০২৬ খ্রি. রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় সম্মানিত জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মহোদয়ের সম্মেলন কক্ষে তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩-০৯-২০২৬

মোঃ তারিকুল ইসলাম
জেলা আইসিটি অফিসার (অতিরিক্ত দায়িত্ব)

চুয়াডাঙ্গা জেলা আইসিটি বিষয়ক কমিটির সম্মানিত সদস্যবৃন্দ।



জেলা আইসিটি কমিটির আগস্ট ২০২৬ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি	লুৎফুন নাহার
সভার তারিখ	২০.০৮.২০২৬ খ্রিষ্টাব্দ
সভার সময়	সকাল ১০: ৪০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গত জুলাই ২০২৬ মাসে অনুষ্ঠিত জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধন/সংযোজনী না থাকায় আগস্ট/২০২৬ মাসের জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। আইসিটি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১।	(ক) জেলা পর্যায়ের সকল অফিসের তথ্য সম্বলিত ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টালে তথ্য শতভাগ হালনাগাদের বিষয়টি নিয়মিত তদারকি করতে হবে। (খ) যে সকল দপ্তরের তথ্য ওয়েবপোর্টালে হালনাগাদ করা হয়েছে তাদেরকে ধন্যবাদ জানানো হয় এবং জেলা পর্যায়ের সকল দপ্তরকে ওয়েব পোর্টালে নিম্নলিখিত বিষয়গুলো নিয়মিত হালনাগাদ করার জন্য অনুরোধ করা হয়। ১। কর্মকর্তা ও কর্মচারীর তথ্য ২। তথ্য প্রদানকারী ও আপীল কর্তৃপক্ষ ৩। সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি ৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থা ৫। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) (গ) সদর হাসপাতাল, চুয়াডাঙ্গার নিজস্ব কোনো ওয়েব পোর্টাল নেই। এ বিষয়ে মাননীয় সভাপতি মহোদয় সদর হাসপাতাল, চুয়াডাঙ্গার জন্য একটি ওয়েব পোর্টাল খোলার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিশেষভাবে অনুরোধ করেন। (ঘ) সভার কার্যবিবরণী / সভার নোটিশ 'ই-মেইল' এ দেওয়ার পূর্বসিদ্ধান্ত বহাল রাখা হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার (শিক্ষা ও আইসিটি শাখা), জেলা আইসিটি অফিসার/উপজেলা আইসিটি অফিসার (সকল), চুয়াডাঙ্গা।
২।	(ক) সকল দপ্তরে ডি-নথির কার্যক্রম ১০০% বৃদ্ধি করার তাগিদ প্রদান করা হয়। সকল দপ্তরের নথির কার্যক্রম একযোগে ডি-নথিতে না করার কারণে সংশ্লিষ্ট অফিস প্রধান বরাবরে ডি-নথিতে পত্র প্রেরণ করা সম্ভব হচ্ছে না। জেলা আইসিটি অফিসার জানান চুয়াডাঙ্গা জেলায় ৫৯ টি সরকারি দপ্তরের ডি-নথি লাইভ আছে এর মধ্যে স্বাভাবিক কার্যক্রম চালিয়ে যাচ্ছে ৫২টি দপ্তর, ৪টি দপ্তর কার্যক্রম পরিচালিত হচ্ছে না। ০৩টি দপ্তর কার্যক্রম পরিচালনার জন্য প্রক্রিয়াধীন রয়েছে। সে কারণে সংশ্লিষ্ট ৪টি দপ্তরের অফিস প্রধানের তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হয়। (খ) চুয়াডাঙ্গা জেলার সকল দপ্তর প্রধানের অংশগ্রহণে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সংশ্লিষ্ট দপ্তর প্রধান, উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার (শিক্ষা ও আইসিটি শাখা), জেলা আইসিটি অফিসার/উপজেলা আইসিটি অফিসার (সকল), চুয়াডাঙ্গা।

৩।	ক) উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক পরিচালিত ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ জেলা আইসিটি অফিসার, চুয়াডাঙ্গা নিয়মিত মনিটরিং এবং বিদ্যমান সমস্যার সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। খ) প্রতি মাসে জেলা আইসিটি কমিটির সভায় উদ্যোক্তাদের আয়-ব্যয়ের তথ্য উপস্থাপন বাধ্যতামূলক করার নির্দেশ প্রদান করা হয়। শ্রেষ্ঠ উদ্যোক্তা নির্বাচনে জন্ম-মৃত্যু নিবন্ধনের হার, সেবার পরিমাণ ও আয় বিবেচনা করা হবে। গ) ইউডিসি উদ্যোক্তাদের আয়-ব্যয়ের তথ্যের যথার্থতা উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা আইসিটি অফিসার কর্তৃক তদারকি করা হবে এবং পিছিয়ে থাকা উদ্যোক্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। ঘ) সভায় সকল ইউডিসি উদ্যোক্তাগণকে জেলা আইসিটি কমিটির সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য জেলা আইসিটি অফিসারকে নির্দেশ প্রদান করা হয়। ঙ) ইউডিসির সেবামূল্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শক্রমে নির্ধারণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ ক্ষেত্রে চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্ধারিত সেবামূল্য অনুসরণ করা যেতে পারে। চ) ইউডিসি উদ্যোক্তাদের নিয়ে পৃথক একটি সভা আয়োজনের বিষয়ে মাননীয় সভাপতি মহোদয় গুরুত্বারোপ করেন।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/উপজেলা নির্বাহী অফিসার (সকল) / জেলা আইসিটি অফিসার (সকল) তথ্য পরবর্তী মিটিং এ উপস্থাপন করবেন। উপজেলা আইসিটি অফিসার (সকল)/ সকল ইউপি সচিব/সকল ইউডিসি উদ্যোক্তা
৪।	সকল উপজেলা থেকে নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে তাগিদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), চুয়াডাঙ্গা
৫।	ক) এ জেলায় ৫৭টি শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি ডিজিটাল ল্যাব রয়েছে। জেলা ও উপজেলা আইসিটি অফিসারগণ কর্তৃক ডিজিটাল ল্যাবসমূহ নিয়মিত পরিদর্শন, সমস্যা চিহ্নিতকরণ এবং প্রয়োজনীয় সমাধান নিশ্চিতকরণ সংক্রান্ত পূর্ব সিদ্ধান্ত বহাল রাখা হলো। জেলা শিক্ষা অফিসারকে সকল কম্পিউটার ল্যাবের বর্তমান অবস্থা বিষয়ে প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। খ) প্রতিষ্ঠান প্রধান শিক্ষা প্রতিষ্ঠানে আধুনিক ল্যাবে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। গ) সকল ডিজিটাল ল্যাবের আইসিটি শিক্ষক অথবা ল্যাব অপারেটর প্রতি মাসের জেলা আইসিটি কমিটির সভায় উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা আইসিটি অফিসার, চুয়াডাঙ্গা'কে বলা হয়। ঘ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে নিয়মিত ল্যাব পরিদর্শনের নির্দেশনা দেওয়া হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (শিক্ষা ও আইসিটি)/ জেলা শিক্ষা অফিসার/ জেলা আইসিটি অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা আইসিটি অফিসার, (সকল) চুয়াডাঙ্গা/ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান।
৬।	জেলা আইসিটি কমিটির আগামী সভায় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা'কে তার কার্যালয়ের কার্যক্রমের উপর সংক্ষিপ্ত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করার অনুরোধ করা হয়।	জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



২৭-০৮-২০২৬

লুৎফুন নাহার

জেলা প্রশাসক ও সভাপতি জেলা আইসিটি

বিষয়ক কমিটি, চুয়াডাঙ্গা

ফোন : ০৭৬১৬৩১১১

ফ্যাক্স : ০৭৬১৬২৬৬৬

ইমেইল : dcchuadanga@mopa.gov.bd

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩

২৭ আগস্ট ২০২৬

নম্বর: ৫৬.০৪.১৮০০.০০০.০০০.০৬.০০০২.২৬.১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

- ২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৪। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। চুয়াডাঙ্গা জেলা আইসিটি বিষয়ক কমিটির সম্মানিত সদস্যবৃন্দ।



০১-০৯-২০২৬

মোঃ তারিকুল ইসলাম

জেলা আইসিটি অফিসার (অতিরিক্ত দায়িত্ব) ও
সদস্য সচিব জেলা আইসিটি কমিটি, চুয়াডাঙ্গা